ইয়েমেনে সৌদি জোটের হামলায় নিহত ২০



ছবি: সংগৃহীত

ইয়েমেনের চার প্রদেশে গত ২৪ ঘণ্টায় সৌদি নেতৃত্বাধীন জোটের বিমান ও ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত ২০ জন নিহত হয়েছেন বলে দাবি করেছে হুথি-সংশ্লিষ্ট সংবাদমাধ্যম। আল-জাওফ, আল-বায়দা, সা'দা ও তাইজে এসব হামলা চালানো হয়েছে বলে তাদের প্রতিবেদনে জানানো হয়।

হুথিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে জানান, হুথি নিয়ন্ত্রিত বিভিন্ন এলাকায় ১০৪টি হামলা হয়েছে। এসব হামলার মধ্যে রাজধানী সানাসহ বিভিন্ন এলাকার বেসামরিক স্থাপনাও লক্ষ্যবস্তু ছিল বলে অভিযোগ করেন তিনি।

অন্যদিকে বুধবার ইয়েমেনের সরকারি বাহিনী জানিয়েছে, আল-জাওফ প্রদেশের পূর্বাঞ্চলে আল-দাহিদা পর্বতমালায় তাদের সেনারা আরও অগ্রসর হয়েছেন। হুথিদের বিরুদ্ধে চলমান অভিযানের অংশ হিসেবে এ অগ্রগতি হয়েছে। এর আগের দিন ওই এলাকার গুরুত্বপূর্ণ উঁচু স্থানগুলোর নিয়ন্ত্রণ নেওয়ার কথাও জানিয়েছিল বাহিনীটি।

সরকারি বাহিনীর বিবৃতিতে বলা হয়, বিভিন্ন স্থানে হুথি যোদ্ধাদের অবস্থান ও অস্ত্রের গুদাম লক্ষ্য করে বিমান ও ড্রোন হামলা চালানো হয়েছে। এতে হুথিদের উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি হয়েছে বলেও দাবি তাদের।

এদিকে বুধবার ইয়েমেনের সেনাবাহিনীর মিডিয়া বিভাগ কয়েকটি ভিডিও প্রকাশ করেছে। সেগুলোতে অবরুদ্ধ তাইজ শহর ও আল-হাজম এলাকায় হুথি যোদ্ধাদের লক্ষ্য করে সরকারি বাহিনীর হামলার দৃশ্য রয়েছে।

সূত্র: আল জাজিরা।